

## গীতের দান দুপুরে

বহনযোগ্যতা ছিল--- তবু একটি ক্যারিব্যাগ সম্পূর্ণ খালি হয়ে  
উড়ে গেল গীতের দান রোদুরে...  
যখন দুপুরবেলা ঝিমিয়ে পড়েছে গাছ, পীচরাস্তা  
উঠানের নগ টিউকল... মানুষের ক্লান্ত শরীর  
মিনিবাস বয়ে বয়ে একজায়গা থেকে নিয়ে অন্য  
কোনোখানে রেখে আসে  
দুপুরের ঘন্টাসে লালাবৰায় কুকুরেরা। খা খা কাক। ঘুম পাখি  
ক্লান্তসুরে ডাকে আর রোদদপ্ত হয়ে থাকে বৃন্দালজবা  
---যেন বিপ্লবী মানুষের মন!  
একটি যুবক শুধু একলা একা আশরীর লোনা ঘাম মেখে  
চুপচাপ বয়ে যায় রাজপথ রাস্তা হয়ে এগলি ওগলি  
তারও তো  
বহনযোগ্যতা ছিল, তবু এক লালমিনিবাস  
বাঞ্চীকে নিয়ে গিয়ে রেখে এসেছে বরের বাগানে; খুব দূরে---

সে শুধু একলা একা ঘুরে বেড়ায় পুড়ে বেড়ায় উড়ে বেড়ায়  
সম্পূর্ণ নিঃস্ব হয়ে খাঁ খাঁ গীতের দান দুপুরে...

প্রদীপ কর

